গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কাযার্লয়, ঢাকা
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.dhaka.gov.bd

স্মারক নং-৫১.০১.২৬০০.০১৮.৪২.০৩২.২৪- ৪১৮

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩১
১৬ জুন ২০২৪

প্ররক : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ,ঢাকা।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্যের অনুকুলে বরাদ্দকৃত টাকা দ্বার প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ টাকা উপবরাদ্দ প্রদান।

সূত্র : ১) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১১.১৪.০০৭.২৩.২১৩ তারিখ: ১১/০৬/২০২৪খ্রি.
২) উপজেলা নির্বাহী অফিসার নবাবগঞ্জ, ঢাকার স্মারক নং-৫১.০১.২৬৬২.০০০.৪১.০০৩.২৩.৩৩০ তারিখ: ১৩/০৬/২০২৪খ্রি.।

উপযুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় জনাব অনিমা মুক্তি গমেজ মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত আসন ৩২৯ মহিলা আসন-২৯ এর অনুকুলে ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা হারে বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত টাকা দ্বারা বাস্তবায়নের জনাব মাননীয় সংসদ সদস্য মহোদয় প্রকল্প তালিকা উপজেলা নির্বাহী অফিসার নবাবগঞ্জ ঢাকা, দাখিল করেছেন। দাখিলকৃত প্রকল্পসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর ৮.(ক) জেলা কর্ণধার কমিটি (খ) জেলা কর্ণধার কমিটির কর্মপরিধির (১১) নং ক্রমিকের নির্দেশনা মোতাবেক জেলা কর্ণধার কমিটির পরবর্তী সভায় অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন নির্দেশিকা ও নিম্নলিখিত শর্তাবলী অনুসরণপূর্বক বাস্তবায়নের নিমিত্ত নির্বাচনী এলাকার নামের পার্শ্বে (এই সঙ্গে সংযুক্ত) ৬ নং কলামে বর্ণিত পরিমাণ টাকা তাঁর অনুকূলে উপবরাদ্দ প্রদান করা হলো।

০২। এই ব্যয় চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে বাজেট কোড নং-১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১(অর্থ) খাত হতে নির্বাহ করা হবে।

| ক্র. নং | নির্বাচনী এলাকা | বরাদ্দের পরিমাণ (নগদ টাকা) | উপজেলার নাম | প্রকল্পের বিবরণ ও উপবরাদ্দকৃত নগদ টাকার পরিমাণ | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | প্রকল্প সংখ্যা | টাকার পরিমাণ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | অনিমা মুক্তি গমেজ মাননীয় সংসদ সদস্য ,সংরক্ষিত আসন – ৩২৯ মহিলা আসন -২৯ | ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা | নবাবগঞ্জ | ০৬(ছয়)টি | ১৫,০০,০০০/-(পনের লক্ষ) | |

শর্তাসমূহ :

(১) বরাদ্দকৃত উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস হতে বিলের মাধ্যমে উত্তোলন করতে হবে।
(২) বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন কাজ নির্ধারিত ৩০/০৬/২০২৪খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
(৩) এ কর্মসুচির বরাদ্দকৃত নগদ টাকা ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও সর্বশেষ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জারীকৃত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুশাসনাবলী অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে ;
(৪) প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রকল্প প্রাক্কলন প্রণয়নপূর্বক বরাদ্দকৃত নগদ টাকা ছাড় করতে হবে। কোন অবস্থায় প্রকল্প প্রাক্কলন প্রণয়ন ব্যতিত নগদ টাকা ছাড় করা যাবে না।
(৫) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন / পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলারকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
(৬) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির সংস্কার প্রকল্পে ইমাম / পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
(৭) নির্ধারিত সময় সীমার মধ্যে বাস্তবায়ন কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন / বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ ;
(৮) কোন প্রকল্পসমূহ ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশের প্রচলিত / আইন বিধির আওতায় আনতে হবে;
(৯) প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জন প্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা;
(১০) অবিলম্বে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু এবং অব্যয়িত নগদ টাকা এর মূল্য যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

চলমান পাতা-০২

(১১) যে কোন প্রকল্প/প্রকল্পসমূহ দ্বৈত হলে কোন অবস্থায় বরাদ্দকৃত টাকা ছাড় করা যাবে না। বরাদ্দকৃত টাকা সরকারী কোষাগারে চালানের মাধ্যমে ফেরৎ প্রদানপূর্বক চালানের কপি হিসাবভূক্তি প্রত্যয়সহ দাখিল করতে হবে।

১২) প্রকল্পসমূহের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে উপযুক্ত কর্মকর্তা দ্বারা সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;

(১৩) প্রকল্পসমূহ বাস্তবায়নের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে, এ কার্যালয়ে প্রেরণ এবং নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব ও ভাউচার যথারীত তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

(১৪) প্রকল্পসমূহের সংশোধীত প্রাক্কলন প্রনয়ণ ও এক কপি প্রাক্কলন দাখিলপূর্বক প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করতে হবে।

(১৫) প্রতিটি প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করার পূর্বের ছবি এবং বাস্তবায়ন কাজ শেষ হওয়ার পর ছবি সংরক্ষণ করতে হবে।

(১৬) প্রকল্প বাস্তবায়ন কাজ শেষ হওয়ার পর প্রতিটি প্রকল্পের পূর্বের এবং বর্তমান ছবি প্রেরণ করতে হবে।

(১৭) বাস্তবায়ন নির্দেশিকার ১০(ক) অনুযায়ী প্রতিটি প্রকল্পের সাইনবোর্ড প্রকল্প সাইডে স্থাপন করতে হবে। স্থাপিত সাইনবোর্ডের ছবি বাস্তবায়ন কাজ শুরু করার তিন দিনের মধ্যে এ কার্যালয়ে দাখিল করতে হবে।

(১৯) পরিদর্শন,পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২। **এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।**

সংযুক্তি : বর্ণনামতে-----**ফর্দ।**

০৮/৫/২০২৪

মো. আব্দুর রহমান
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।
ফোন-৪১০৫১০৬৫
মোবাইল:০১৭০০৭১৬৬৮
E-mail: drrodhaka@ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.২৬০০.০১৮.৪২.০৩২.২৪- ৪১৮

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪৩১
১৬ জুন ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত আসন ৩২৯ ,মহিলা আসন ২৯ ,ঢাকা
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী বা / এ, ঢাকা-১২১২;
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, ঢাকা;
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা;
৭। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (উপবরাদ্দপত্রটি জেলা প্রশাসকের ওয়েব সাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো);
৯। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নবাবগঞ্জ ,ঢাকা;
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নবাবগঞ্জ, ঢাকা;
১১। অফিস কপি।

০৮/৫/২০২৪

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।

অনিমা মুক্তি গমেজ
সংসদ-সদস্য
৩২৯ মহিলা আসন-২৯
সদস্য, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ।

# বাংলাদেশ জাতীয় সংসদ
# Bangladesh Parliament

উপানুষ্ঠানিক পত্র নং-বাজাস/স. স./৩২৯-ম.আ-২৯/২০২৪-৫-ক তারিখ: ১২-০৬-২০২৪খ্রি.

**বিষয়:** ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় সংরক্ষিত মহিলা আসনের অনুকূলে বরাদ্দকৃত নগদ অর্থ বিভাজনপূর্বক প্রকল্পের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা স্মারকনং ৫১.০১.০০০০.০১১.১৪.০১০.২৪.২১৩, তারিখ ১১-০৬-২০২৪খ্রি. মুঞ্জুরী আদেশের আলোকে আমার দায়িত্ব প্রাপ্ত নির্বাচনী এলাকা ৩২৯ মহিলা আসন-২৯ এর বরাদ্দ থেকে ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় প্রাপ্ত বরাদ্দ থেকে ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার নিম্নে উল্লিখিত ০৬টি প্রকল্পেরঅনুকূলে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হলো। উল্লিখিত প্রকল্প তালিকা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধকরা হলো।

**নবাবগঞ্জ উপজেলা: গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা)**

| ক্রমিকনং | প্রকল্পেরনাম ও ঠিকানা | ইউনিয়নের নাম | উপ-বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|
| ০১। | কোমড়গঞ্জ কালামের বাড়ি হতে জাহাঙ্গীরের বাড়ি পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন | বক্সনগর | ৩,০০,০০০/- |
| ০২। | ফাহাদের বাড়ি হতে সাগরদের বাড়ি পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন | কলাকোপা | ২,০০,০০০/- |
| ০৩। | হায়েতকান্দা মসজিদ হতে মোল্লা বাড়ি পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন | শোল্লা | ৩,০০,০০০/- |
| ০৪। | উত্তর চৌকিঘাটা রাস্তার উন্নয়ন | বাহ্রা | ১,৫০,০০০/- |
| ০৫। | বারুয়াখালী মতির বাড়ি হতে দীর্ঘগ্রাম পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন | বারুয়াখালী | ১,৫০,০০০/- |
| ০৬। | নবাবগঞ্জ উপজেলার যন্ত্রাইল ইউনিয়নে বড় নবগ্রাম মৌজার সরকারি খাস পুকুর খনন, মেরামত ও পার বাধাই | যন্ত্রাইল | ৪,০০,০০০/- |
| | | সর্বমোট= | ১৫,০০,০০০/- |

কথায়: পনের লক্ষ টাকা।

জেলা কর্ণধার কমিটির পরবর্তী সভায় অনুমোদন সাপেক্ষে এই প্রকল্প তালিকা এবং তালিকার নামের পার্শ্বে বর্ণিত খাদ্য শস্য/নগদ টাকা অনুমোদন দেওয়া হলো।

ধন্যবাদান্তে,

১৩/০৬/২০২৪
মোঃ আব্দুর রহমান
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা
১৩/৬/২০২৪

(অনিমা মুক্তি গমেজ)
সংসদ-সদস্য
৩২৯ মহিলা আসন-২৯

প্রাপক,
উপজেলানির্বাহীঅফিসার
নবাবগঞ্জ, ঢাকা।

অনিমা মুক্তি গমেজ
সংসদ-সদস্য
৩২৯ মহিলা আসন-২৯
বাংলাদেশ জাতীয় সংসদ

১৩/৬/২৪
মোঃ হাসান আহমেদ
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
নবাবগঞ্জ, ঢাকা।

মোঃ কামরুল হাসান সোহেল, বিপিএএ
উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, ঢাকা।